# এনফোর্সমেন্ট বুলেটিন

(সেপ্টেম্বর, ২০২৪)



## পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**
**ড. আবদুল হামিদ**
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**
**মো: ছিদ্দিকুর রহমান**
অতিরিক্ত মহাপরিচালক

**সম্পাদনায়**
**মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**
**মো: আ: সালাম সরকার**
উপপরিচালক

**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**মো: রেজুওয়ান ইসলাম**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
অক্টোবর ২০২৪

**প্রকাশক**
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর



**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, ফেসবুক: facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারীকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় সেপ্টেম্বর/২০২৪ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সেপ্টেম্বর/২০২৪ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ, পাহাড় কাটা ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ২৯টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৫৬ প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৭,৮৪,০৫০/- (সাত লক্ষ চুরাশি হাজার পঞ্চাশ) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয় এবং আনুমানিক ৩৩১৯০ কেজি পলিথিন জব্দ, ৪৯টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী তথাসার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। একইসাথে অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

**মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় সেপ্টেম্বর ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক সেপ্টেম্বর ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম | ৪ |
| ৩ | সেপ্টেম্বর ২০২৪ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ | ৫-১১ |
| ৪ | সেপ্টেম্বর ২০২৪ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ | ১২-১৬ |

# পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫-এর ৭ ধারার আওতায় সেপ্টেম্বর ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম



চিত্র: এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ



ছবি: এনফোর্সমেন্ট শাখায় শুনানীতে অংশগ্রহণকারীদের উপস্থিতি

সেপ্টেম্বর ২০২৪ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ১৮৫ (একশত পঁচাশি) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৪,৫০,০০,৪২০/- (চার কোটি পঞ্চাশ লক্ষ চারশত বিশ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ৮৮,৭০,১৯৫/- (আটাশি লক্ষ সত্তর হাজার একশত পঁচানব্বই) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহাপরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোন ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমান নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরূপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোন ক্ষমতা অধিদপ্তরের যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

# মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক সেপ্টেম্বর ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম:









চিত্র: সেপ্টেম্বর/২০২৪ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনভাবে শ্রেণি পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড।

**০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে সিরাজগঞ্জ জেলার আল ফোরকান ডাইংকে ৫০ হাজার টাকা, কালার ব্যাংক ডাইংকে ৫০ হাজার টাকা, মাস্টার কালার ডাইং কে ৩০ হাজার টাকা, মেসার্স ডিফেন্স টেক্সটাইলকে ৩০ হাজার টাকা, রায়হান কালার ডাইংকে ৫০ হাজার টাকা, রজনী কালার ডাইং কে ৫০ হাজার টাকা, রোহান কালার ডাইংকে ১ লক্ষ টাকা, সিরাজগঞ্জ চেক ইন্ডাস্ট্রিজ লিমিটেডকে ৩০ হাজার টাকা; নেত্রকোনা জেলার মিশন হাসপাতাল প্রা: কে ১০ হাজার টাকা, ইভা টিম্বার এন্ড স'মিলকে ১০ হাজার টাকা, এস এইচ ডেইরি ফার্মকে ২০ হাজার টাকা; ঢাকা জেলার ফারিহা হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

**০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার এন স্ক্রীল ফেব্রিকসকে ১৫ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার হাইডেলবার্গ সিমেন্ট লিমিটেডকে ২ লক্ষ টাকা; শেরপুর জেলার মেসার্স পপি স মিল কে ২০ হাজার টাকা, মেসার্স চন্দ্রিমা ফিলিং স্টেশনকে ২০ হাজার টাকা; যশোর জেলার জারবান ফাইবার্স লি: কে ২০ হাজার টাকা; মৌলভীবাজার জেলার সদরের গোমড়ার মো: মঈন উদ্দিনকে টিলা কর্তনের দায়ে ৫০ লক্ষ ৮০ হাজার টাকা, জুড়ি উপজেলার সাগরনালের প্রতীপ যাবদ ও আ: ছালামকে টিলা কর্তনের দায়ে ১০ লক্ষ ৫০ হাজার টাকা; সিলেট জেলার পপুলার লাইফ ইন্সুরেন্স কোম্পানী লিমিটেডকে টিলা কর্তনের দায়ে ৬৬ লক্ষ ৭৫ হাজার টাকা, কাহাইগড়, জৈন্তাপুরের টিলা কর্তনের দায়ে কামরুজ্জামান চৌধুরীকে ১ কোটি ২০ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। চট্টগ্রাম মহানগর কার্যালয় কর্তৃক দক্ষিণ খুলশী আবাসিক এলাকার মো: মাইদুল ইসলামকে ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**০৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার মেসার্স রাতুল প্রিন্টিং কে ২৭ হাজার ৩ শত টাকা; গাজীপুর জেলার নাওজোড় জেনারেল হাসপাতালকে ১০ হাজার টাকা; রংপুর জেলার রাফি মেটাল ওয়ার্ককে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক জঙ্গল লতিফপুর মিরপুর এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে পাহাড় কর্তনের দায়ে তাজুল ইসলাম নামে ১ জন ব্যক্তিকে ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় ও মজনু খন্দকারকে ৩ দিনের বিনাশ্রম কারাদন্ড দেয়া হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন উৎপাদন, আমদানী, বাজারজাতকরণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড।





**০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের ভোলা জেলা কার্যালয় কর্তৃক ইলিশা ফেরিঘাট এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে মেসার্স দ্বীপ ভোলা ট্রান্সপোর্ট এজেন্সি নামক কাভার্ট ভ্যান হতে মোট ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১০০০০ কেজি পলিথিন জব্দ করা হয়।





**০৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার ইলমা নিটিং এন্ড প্রিন্টিংকে ৫০ হাজার টাকা, ব্রডওয়ে রিজেনারেট ফাইবার কোং কে ১০ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার মেসার্স  শীতলক্ষা ব্রিকস-২ কে ৭ লক্ষ ৫০ হাজার টাকা; নরসিংদী জেলার পল্লী ক্লিনিক চক্ষু হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা; শরীয়তপুর জেলার ফাইভ স্টার স মিলকে ১০ হাজার টাকা, মেসার্স ভাই ভাই স মিলকে ১০ হাজার টাকা, ফোর স্টার বরফ মিলকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৩ হাজার ২ শত ৫০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৬টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীতে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড





**১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার কেটিএস প্লাস্টিককে ২০ হাজার টাকা, টি জে সুয়েটার্সকে ২ লক্ষ টাকা, মেসার্স জাহিদ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপকে ৫০ হাজার টাকা, মোহাম্মাদিয়া কালার ট্রেডিংকে ২ লক্ষ টাকা; ময়মনসিংহ জেলার মেসার্স জামান ব্রিকসকে ৪ লক্ষ ৭৫ হাজার টাকা; শরীয়তপুর জেলার মেসার্স খান স মিলকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক স্টেলার ইন্ডাস্ট্রি কোম্পানি লি: নামক কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।





**১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার এপিয়ার কম্পোজিট ফ্যাশন লি: কে ২০ হাজার টাকা; ঢাকা জেলার থাইরোকেয়ার বাংলাদেশ লিমিটেডকে ২৫ হাজার টাকা; শরীয়তপুর জেলার মেসার্স রাসেল ট্রেডার্স এন্ড স মিলকে ১০ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার আল ফালাহ স্টিল এন্ড রি রোলিং মিলকে ২ লক্ষ টাকা; যশোর জেলার আরোগ্য সদন (প্রা:) হাসপাতালকে ১০ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার ক্রাউন্ট সিমেন্ট পিএলসিকে ৬ লক্ষ টাকা ক্ষতিপূরণ।

শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬-এর বিধি ৮(১), ১৮(২) অনুযায়ী মানমাত্রা অতিক্রম করে হর্ণ বাজানো অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড

**১৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে বাগেরহাট জেলার অলিউল হক স মিলকে ১০ হাজার টাকা; সিরাজগঞ্জ জেলার মেসার্স লোকনাথ ডাইংকে ৫০ হাজার টাকা, মেসার্স মাহিন স মিলকে ১০ হাজার টাকা, ব্রাইট হেলথ স্পেশালাইলজড হাসপাতালকে ২০ হাজার টাকা; নাটোর জেলা একতা ক্লিনিককে ১০ হাজার টাকা; ঢাকা জেলার দুরন্ত কেমিক্যালকে ২০ হাজার টাকা; পাবনা জেলার নিটল মটরস লি: কে ২০ হাজার টাকা; বগুড়া জেলার বগুড়া মাল্টি ওয়েল মিলস লি: কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। নীলফামারী জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষণের দায়ে ৬টি যানবাহন হতে মোট ৬ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৯টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।






**১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার চেক পয়েন্ট সিস্টেমস বাংলাদেশ লিমিটেডকে ৫০ হাজার ৭ শত টাকা, আপন টেক্সটাইল লিমিটেডকে ৪ লক্ষ ১ হাজার ৫ শত টাকা, মেসার্স মেঘনা লাইমসকে ৫০ হাজার টাকা; সিরাজগঞ্জ জেলার হালিমা কটেজকে ৫০ হাজার টাকা, শামিম মল্লিক ডাইং কে ৫০ হাজার টাকা, লাবু ডাইং কে ৫০ হাজার টাকা, মেঘালয় ডাইংকে ৫০ হাজার টাকা, বন্ধু কালার কে ৫০ হাজার টাকা, নাইম টেক্সটাইল (ডাইং) কে ৫০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার মেসার্স শাপলা ব্রিকস (ফ্রিকসড) চিমেনিকে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা; গাজীপুর জেলার মেসার্স সরকার কেমিক্যালকে ৫০ হাজার টাকা; জামালপুর জেলার হাজরাবাড়ী জেনারেল হাসপাতালকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষণের দায়ে ৩টি যানবাহন হতে মোট ৯ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৬টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক লোহাগড়া উপজেলার আমিরাবাদ বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৪০০ কেজি পলিথিন জব্দ করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র ব্যতীত ব্যাটারী ভাঙ্গা বা আগুনে গলানো অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড







**১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের খুলনা জেলা কার্যালয় কর্তৃক লোহাগড়া উপজেলার আমিরাবাদ বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে **১**টি প্রতিষ্ঠান হতে **১** হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ২০০ কেজি পলিথিন জব্দ করা হয়।





**২২ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার ওয়াফিকা মেটাল ইন্ডাস্ট্রিজকে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬খ, ১৫(১) ধারা অনুযায়ীপলিথিন বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।

**২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার নোয়াখালী ফাউন্ডেন্ট ইউপিভিসিকে ২০ হাজার টাকা, মোস্তফা মন্ডলের কারখানাকে ৩০ হাজার টাকা, মেসার্স জুয়েল এন্টারপ্রাইজকে ৩০ হাজার টাকা, মেসার্স মনির এন্টারপ্রাইজকে ৩০ হাজার টাকা, মেসার্স নিউ সেলিম ডাইং এন্ড প্রসেসিং ইন্ডাস্ট্রিজকে ৪ লক্ষ ৯৯ হাজার ২ শত টাকা, মেসার্স দাউদপুর ব্রিকসকে ৬ লক্ষ ২৫ হাজার টাকা; ঢাকা জেলার সাদ ফ্যাশন লিমিটেডকে ২০ হাজার টাকা, এ আর বি কেবলস ইন্ডাস্ট্রিজকে ২৫ হাজার টাকা; গাজীপুর জেলার যমুনা ফ্যান এন্ড ক্যাবলস লি: কে ২৫ হাজার টাকা; মেসার্স রায়হান পোল্ট্রি এন্ড ডেইরি ফার্মকে ১০ হাজার টাকা, পলমল প্যাকেজিং লিমিটেডকে ৫০ হাজার টাকা।

**২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার গুলশানের পিজা হাট রেস্টুরেন্টকে ৩০ হাজার টাকা, যাত্রাবাড়ীর বাংলাদেশ ডিজিটাল প্রিন্টিং এন্ড প্যাকেজিং কে ২৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

**২৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের চট্টগ্রাম অঞ্চল কার্যালয় কর্তৃক শুনানী গ্রহণক্রমে ব্রাহ্মণবাড়িয়া জেলার আল মদিনা ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টারকে ৩০ হাজার টাকা, নূর মেডিকেল সেন্টারকে ১ লক্ষ টাকা; কুমিল্লা জেলার মাদার কেয়ার সেন্টারকে ৪৫ হাজার টাকা; ফেনী জেলার নিউ আমেরিকান ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। কক্সবাজার জেলা কার্যালয় কর্তৃক টেকপাড়ায় কামরুল হাসানের গোডাউনে মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে মোট ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১৫ টন পলিথিন জব্দ করা হয়।






ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্যঅনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।

**২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের চট্টগ্রাম অঞ্চল কার্যালয় কর্তৃক শুনানী গ্রহণক্রমে ব্রাহ্মণবাড়িয়া জেলার হাজী রমজান আলী অটো রাইস মিল, মুক্তি (প্রা:) হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার; নোয়াখালী জেলার এম এ লতিফ ডায়াগনস্টিক সেন্টার, বসুরহাট সিটি হসপিটাল; চট্টগ্রাম জেলার শাহ রশিদিয়া এন্টারপ্রাইজ; কুমিল্লা জেলার সরকার ডায়াগনস্টিক সেন্টার; চাঁদপুর জেলার রয়েল হসপিটাল এন্ড ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২ লক্ষ ৮০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

**৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের চট্টগ্রাম অঞ্চল কার্যালয় কর্তৃক শুনানী গ্রহণক্রমে চট্টগ্রাম জেলার আজাদী বাজার সার্জিকেয়ার এন্ড ডায়াগনস্টিক সেন্টার, সীতাকুন্ড ডায়াবেটিক এন্ড জেনারেল হাসপাতাল, নজিরহাট এ্যাপোলো ডায়াগনস্টিক সেন্টার, নওজেয়ান হেলথ কেয়ার এন্ড ডায়াগনস্টিক সেন্টার, গুডলাইফ ডায়াগনস্টিক সেন্টার; রাঙ্গামাটি জেলার মেডিস্ক্যান ডিজিটাল ডায়া: সেন্টার; লক্ষীপুর জেলার প্রাইম ডায়াগনস্টিক কমপ্লেক্স, রায়পুর হেলথ কেয়ার সেন্টার, নিরাময় হাসপাতাল সেন্টার, জনসেবা জেনারেল (প্রা:) হাসপাতাল; চাঁদপুর জেলার চাঁদপুর আধুনিক চক্ষু হাসপাতাল; কুমিল্লা জেলার মা ডায়াগনস্টিক সেন্টার, মধুমতি হসপিটাল প্রা; লি:, মেডিকেয়ার জেনারেল হসপিটাল; ফেনী জেলার নিউ কসমোপলিটান ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার; নোয়াখালী আনোয়ার সোপ ফ্যাক্টরি, নিউ উপসম ক্লিনিক; বান্দরবান জেলার তিক্ষিন্দ্রিয় মহাথেরকে ৬ লক্ষ ৪৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। সিলেট বিভাগীয় কার্যালয় কর্তৃক শুনানী গ্রহণক্রমে সুনামগঞ্জ জেলার নানা নাতি সমিলকে ৪ লক্ষ টাকা; হবিগঞ্জ জেলার গ্লোরী এগ্রো প্রোডাক্টস লি: কে ৫ লক্ষ ১৬ হাজার টাকা, হবিগঞ্জ এগ্রো লি: কে ৮ লক্ষ ৩১ হাজার ৮ শত ২০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এরধারা ৫, ১৫ অনুযায়ী কোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দন্ড



The Bangladesh Today

ই-পেপার

প্রচ্ছদ | জাতীয় | রাজনীতি | অর্থ ও বাণিজ্য | দেশজুড়ে | আন্তর্জাতিক | খেলাধুলা | বিনোদন | শিক্ষাঙ্গন | অন্যান্য | ENGLISH

Bangladesh Today

প্রকাশিত: অক্টোবর ১, ২০২৪

For Advertisement Please Contact: 01681-982 480

YOUR AD HERE

Please Contact 01681- 982 480

# কক্সবাজারে অবৈধ পলিথিন শপিং ব্যাগের বিরুদ্ধে অভিযান

**কক্সবাজার প্রতিনিধি:** কক্সবাজার শহরে অবৈধ পলিথিন শপিং ব্যাগের বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়েছে। আজ মঙ্গলবার (১ অক্টোবর) দুপুরে টানা ৪ ঘণ্টা শহরের বাহারছড়া, কলাতলী ও ঝাউতলা এলাকায় এ অভিযান পরিচালিত হয়।

অভিযান পরিচালনা করেন কক্সবাজার সদর ভূমি সহকারী কমিশনার ... সিদ্দিকী। এ সময় তাকে

সর্বশেষ

বাংলাদেশে মুক্তি পাবে 'পুষ্পা ২'

'আমি সুখী এবং পরিপূর্ণ'

বাংলাদেশে দ্রুত নির্বাচনে জোর দিচ্ছে যুক্তরাষ্ট্র


ড. ইউনূসের মেডিকেল টিম নিয়ে গুজব না ছড়ানোর অনুরোধ

নতুন রাষ্ট্রপতি আনতে দুই দিনের সময় দিলেন সারজিস-হাসনাত

ডেঙ্গুতে আরো ৭ মৃত্যু, হাসপাতালে ভর্তি ১১৩৯

রাশিয়ায় ব্রিকস সম্মেলন শুরু

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ীস্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস” অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোন গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড



নারায়ণগঞ্জের বন্দরে পরিবেশ দূষণকারী সেই ব্যাটারি কারখানা বন্ধ

অযথা হর্ন আমাদের
সন্তানদেরও বধির করছে



প্রথম আলো

পরিবেশ

# চট্টগ্রামে পাহাড় কাটা বন্ধে বিশেষ অভিযান, জরিমানা

বিশেষ প্রতিনিধি

অযথা হর্ন আমাদের
সন্তানদেরও বধির করছে

প্রচ্ছদ জাতীয় রাজনীতি চট্টগ্রাম সারাদেশ বিশ্ব অর্থনীতি খেলাধুলা বিনোদন শিক্ষা স্বাস্থ্য তথ্যপ্রযুক্তি সাক্ষাৎকার মতামত

প্রচ্ছদ › চট্টগ্রাম


# চট্টগ্রামে পাহাড় কেটে বসবাসকারীদের সাত দিনের মধ্যে সরে যাওয়ার নির্দেশ



পুরানো সংখ্যা

সর্বশেষ

অযথা হর্ন আমাদের
সন্তানদেরও বধির করছে











# ব্যাটারি কারখানা সিলগালা

**সোনারগাঁ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি :** নারায়ণগঞ্জের বন্দর উপজেলার মদনপুর ইউনিয়নের কেওঢালায় হিং সিং ব্রান্ডের স্টেলার ইন্ডাস্ট্রি কোম্পানী লিমিটেড নামে পরিবেশ বিনষ্টকারী একটি ব্যাটারী কারখানা সিলগালা করা হয়েছে। মঙ্গলবার বিকেলে ৩টায় বন্দর উপজেলা সহকারী কমিশনার ভূমি (এসি-ল্যান্ড) রহিমা আক্তার ইতি নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে উপস্থিত থেকে প্রতিষ্ঠানটিকে সিলগালা করে এর সকল কার্যক্রম বন্ধ ঘোষণা করেন। তাছাড়া এসময় প্রতিষ্ঠানটির বিদ্যুৎ ও গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়। এসময় নারায়ণগঞ্জ জেলা পরিবেশ অধিদপ্তরের উপ পরিচালক এ এইচ এম রাশেদ, সহকারী উপপরিচালক মুজাহিদ মল্লিক সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা, স্থানীয় এলাকাবাসী ও মদনপুরের ছাত্রসমাজের সদস্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এ ব্যাটারি ফ্যাক্টরি থেকে নির্গত দূষিত ধোয়ার কারণে পরিবেশ দূষিত হবার পাশাপাশি স্থানীয়রা শ্বাসকষ্ট সহ বিভিন্ন রোগ বালাইয়ে আক্রান্ত হচ্ছিলেন।




অযথা হর্ন আমাদের
সন্তানদেরও বধির করছে

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে"



**পরিবেশ অধিদপ্তর**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়